

শ্রম দপ্তর
ত্রিপুরা সরকার

বিজ্ঞপ্তি

অসংগঠিত শ্রমিক সহায়িকা প্রকল্প, ত্রিপুরা সরকারের দ্বারা পরিচালিত একটি যোজনা যা শুরু হয় ২০০৩ সনে। অসংগঠিত শ্রমিক সহায়িকা প্রকল্পে প্রতিটি সুবিধাভোগী যার বয়স ২১-৪০ বছর যিনি এই প্রকল্পে অর্ন্তভুক্ত হয়েছেন তাকে ৫০ টাকা প্রতি মাসে জমা করতে হয় এবং রাজ্য সরকার ও সম পরিমান টাকা তার ব্যাঙ্কে জমা করেন, সুবিধাভোগী ৬০ বছর পূর্ণ হবার পর সমগ্র পরিমান অর্থ ব্যাঙ্ক থেকে সুদসমেত পেয়ে থাকেন। এই প্রকল্পে অন্য কোন ধরনের সুবিধা যেমন পেনশন ইত্যাদির সুযোগ নেই।

তবে

ভারত সরকার প্রধানমন্ত্রী শ্রমযোগী মান-ধন নামক প্রকল্প অসংগঠিত ক্ষেত্রে কর্মরত শ্রমিক যাদের বয়স ১৮-৪০ তাদের জন্য চালু করেছে। এই যোজনাটি অনেকাংশেই অসংগঠিত শ্রমিক সহায়িকা প্রকল্পের অনুরূপ। এই প্রকল্পে শুধু প্রথম কিস্তির টাকা নগদে জমা করতে হয় এবং সুবিধাভোগীর মাসিক প্রদেয় পরবর্তী কিস্তির টাকার রাশি সরাসরি L.I.C. র খাতায় চলে যাবে এবং ৬০ বছর পূর্ণ হবার পর সুবিধাভোগী প্রতি মাসে ৩০০০ টাকা করে আজীবন পেনশন পেতে পারেন অথবা সুবিধাভোগীর পরিবার, স্ত্রী অথবা স্বামী প্রতিমাসে ১৫০০ টাকা করে পারিবারিক পেনশন পেতে পারেন। অসংগঠিত শ্রমিক সহায়িকা প্রকল্পটি প্রধানমন্ত্রী শ্রমযোগী মান-ধন প্রকল্পের তুলনায় অনুত্তম বলা চলে। প্রধানমন্ত্রী শ্রমযোগী মান-ধন প্রকল্পে প্রদেয় মাসিক চাঁদার পরিমান নিম্নরূপ:-

অর্ন্তভুক্ত হবার বয়স	বয়সের উর্দ্ধসীমা	সুবিধাভোগীর মাসিক প্রদেয় চাঁদা	কেন্দ্রীয় সরকারের মাসিক প্রদেয় চাঁদা	সর্বমোট মাসিক চাঁদা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৮	৬০	৫৫	৫৫	১১০
১৯	৬০	৫৮	৫৮	১১৬
২০	৬০	৬১	৬১	১২২
২১	৬০	৬৪	৬৪	১২৮
২২	৬০	৬৮	৬৮	১৩৬
২৩	৬০	৭২	৭২	১৪৪
২৪	৬০	৭৬	৭৬	১৫২
২৫	৬০	৮০	৮০	১৬০
২৬	৬০	৮৫	৮৫	১৭০
২৭	৬০	৯০	৯০	১৮০
২৮	৬০	৯৫	৯৫	১৯০
২৯	৬০	১০০	১০০	২০০
৩০	৬০	১০৫	১০৫	২১০
৩১	৬০	১১০	১১০	২২০
৩২	৬০	১২০	১২০	২৪০
৩৩	৬০	১৩০	১৩০	২৬০
৩৪	৬০	১৪০	১৪০	২৮০
৩৫	৬০	১৫০	১৫০	৩০০
৩৬	৬০	১৬০	১৬০	৩২০
৩৭	৬০	১৭০	১৭০	৩৪০
৩৮	৬০	১৮০	১৮০	৩৬০
৩৯	৬০	১৯০	১৯০	৩৮০
৪০	৬০	২০০	২০০	৪০০

এমতাবস্থায় সকল অসংগঠিত শ্রমিক সহায়িকা প্রকল্পে অর্ন্তভুক্ত কর্মরত শ্রমিক যাদের বয়স ২১-৪০ তাদেরকে নিজেদের নাম প্রধানমন্ত্রী শ্রমযোগী মান-ধন প্রকল্পে নিকটবর্তী যে কোন CSC র মাধ্যমে নাম নথিভুক্ত করার জন্য আহ্বান করা হচ্ছে।

শ্রম কমিশনার
শ্রম দপ্তর